# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯০

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১. ইচ্ছাকৃত হত্যায় দিয়াত রয়েছে

بَاب الدِّيَةِ فِي قَتْلِ الْعَمْدِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ الْحَارِثِ بْنِ فُضَيْلٍ عَنْ سُفْيَانَ بْنِ أَبِي الْعَوْجَاءِ السُّلَمِيِّ عَنْ أَبِي شُرَيْحٍ الْخُزَاعِيِّ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ أُصِيبَ بِدَمٍ أَوْ خَبْلٍ وَالْخَبْلُ الْجُرْحُ فَهُوَ بِالْخِيَارِ بَيْنَ إِحْدَى ثَلَاثٍ فَإِنْ أَرَادَ الرَّابِعَةَ فَخُذُوا عَلَى يَدَيْهِ بَيْنَ أَنْ يَقْتَصَّ أَوْ يَعْفُوَ أَوْ يَأْخُذَ الْعَقْلَ فَإِنْ أَخَذَ مِنْ ذَلِكَ شَيْئًا ثُمَّ عَدَا بَعْدَ ذَلِكَ فَلَهُ النَّارُ خَالِدًا فِيهَا مُخَلَّدًا

বাংলা

২৩৯০. আবূ শুরায়হ আল-খুযাঈ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “যার কেউ নিহত হয় অথবা যাকে আহত করা হয় তার তিনটি বিকল্প বিষয়ের যে কোন একটি গ্রহণ করার এখতিয়ার আছে। সে চতুর্থটি গ্রহণ করতে চাইলে তোমরা তার উভয় হাত ধরে রাখো (তাকে বাধা দাও)। সে হত্যাকারীকে হয় হত্যা করবে অথবা ক্ষমা করবে অথবা দিয়াত (আর্থিক ক্ষতিপূরণ) গ্রহণ করবে। যে ব্যক্তি এই (তিনটি বিকল্পের) কোন একটি গ্রহণ করার পর আরও কিছু (অতিরিক্ত) দাবি করবে তার জন্য রয়েছে জাহান্নামের আগুন, সেখানে সে স্থায়ী হবে।”[1]

ফুটনোট

[1] তাহক্কীক: এর সনদ যয়ীফ। আর হাদীসটি মুনকার (অস্বীকৃত)।

তাখরীজ: ইবনু আবী শাইবা ৯/৪৪১ নং ৮০৪৫; ইবনু মাজাহ, দিয়াত ২৬২৩; আহমাদ ৪/৩১; আবূ দাউদ, দিয়াত ৪৪৯৬; বুখারী, কাবীর ৩/২২৪; দারুকুতনী ৩/৯৬; বাইহাকী, জানাইয়াত ৮/৫২; মারিফাহ নং ১৫৮৮৫; দেখুন, মীযানুল ই’তিদাল ২/১৬৯-১৭০।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ শুরায়হ্‌ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82673

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন